অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/1/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

নিউ ইয়র্কের মাতৃত্বকালীন মৃত্যু পর্যালোচনা বোর্ড তৈরি করে গভর্নর কুওমো আইন পাশ করেছেন

মাতৃত্বকালীন মৃত্যু এবং বর্ণ বৈষম্যের ফলাফলগুলি সম্পর্কিত টাস্কফোর্সের থেকে প্রাপ্ত মূল সুপারিশ অনুযায়ী কাজ করছে

2019 সালের উইমেন'স জাস্টিস অ্যাজেডার মূল লক্ষ্য পূরণকে চিহ্নিত করে

গভর্নর কুওমো: "মাতৃত্বকালীন মৃত্যুতে বর্ণ বৈষম্য একটি জাতিয় সমস্যা, এবং এই বিশেষজ্ঞ পর্যালোচনা বোর্ড এবং উপদেষ্টা পরিষদ তৈরির মাধ্যমে, সকলের জন্য নিরাপদ, সুস্থ গর্ভাবস্থা নিশ্চিত করতে আমরা সমস্যাটির সরাসরি মোকাবিলা করছি।"

নিউ ইয়র্ক স্টেটের প্রতিটি মাতৃত্বকালীন মৃত্যুর কারণ পর্যালোচনা এবং ভবিষতে মৃত্যু প্রতিরোধ করার কৌশল এবং সামগ্রিক সুস্থতা উন্নয়নের জন্য স্বাস্থ্য দপ্তরকে (Department of Health) পরামর্শ দেওয়ার দায়িত্ব দিয়ে একটি মাতৃত্বকালীন মৃত্যু পর্যালোচনা বোর্ড (Maternal Mortality Review Board) তৈরি করতে গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো অ্যাজ আইন (S.1819/A.3276) পাশ করেছেন।

"গর্ভাবস্থার আগে, গর্ভাবস্থার সময় এবং পরে স্টেটের সমস্ত নারিকে উচ্চ মানের স্বাস্থ্য পরিচর্যায় অ্যাক্সেসের নিশ্চয়তা দিতে নিউ ইয়র্ক উল্লেখযোগ্য অগ্রগতি করেছে", **গভর্নর কুওমো বলেন।** "মাতৃত্বকালীন মৃত্যুতে বর্ণ বৈষম্য একটি জাতিয় সমস্যা, এবং এই বিশেষজ্ঞ পর্যালোচনা বোর্ড এবং উপদেষ্টা পরিষদ তৈরির মাধ্যমে, সকলের জন্য নিরাপদ, সুস্থ গর্ভাবস্থা নিশ্চিত করতে আমরা সমস্যাটির সরাসরি মোকাবিলা করছি।"

"গত শতকে আমাদের দেশ চিকিত্সা ক্ষেত্রে অনেক অগ্রগতি দেখেছে, তা সত্বেও অত্যধিক সংখ্যক কৃষ্ণাঙ্গ নারি যারা সন্তানের জন্ম দেওয়ার সময় মারা যায়, এবং আমরা এই অবিচার সংশোধন করতে এবং সমগ্র স্টেটের মায়েদের জীবন রক্ষা করতে বদ্ধপরিকর", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "আমাদের মাতৃত্বকালীন মৃত্যুর টাস্ক ফোর্স প্রতিটি দিক থেকে এই সমস্যাটি পরীক্ষা করতে সহায়তা করছে, এবং গঠিত মাতৃত্বকালীন মৃত্যুর পর্যালোচনা বোর্ড মাতৃত্বকালীন মৃত্যুগুলি পর্যালোচনা করবে এবং সমস্যাটির সমাধান করার জন্য পরামর্শ দেবে। আমাদের উইমেন'স

অ্যাজেন্ডার অংশ হিসেবে, আমরা আমাদের সমাজের কাঠামোগত বর্ণ বৈষম্য যা প্রায়ই একটি মর্মান্তিক ঘটনায় গিয়ে শেষ হয়, সেটিকে শেষ করতে দৃঢ় পদক্ষেপ গ্রহণ করছি।"

উন্নত দেশগুলির মধ্যে মার্কিন যুক্তরাষ্ট্র মাতৃত্বকালীন মৃত্যুর হার বেশ বেশি – যেহেতু সমগ্র দেশে সন্তান প্রসবের সময় কৃষ্ণাঙ্গ নারিদের মৃত্যুর সম্ভাবনা প্রায় চার গুণ, এবং নিউ ইয়র্কে তা প্রায় তিন গুণ, তাই বর্ণ বৈষম্য অব্যাহত রয়েছে। 2010 সাল থেকে নিউ ইয়র্ক স্টেট মাতৃত্বকালীন মৃত্যুর হার হ্রাসের ক্ষেত্রে উন্নতি করেছে, দেশের মধ্যে এর র্যাকঙ্ক যখন সর্বনিম্ন মৃত্যুর হার নিয়ে 46তম, সেখানে স্টেটের র্যা ঙ্ক এখনও 30তম।

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিষয়ক কমিশনার ডা. হাওয়ার্ড জুকার বলেন, "মাতৃত্বকালীন মৃত্যু সবসময়ই মর্মান্তিক, কিন্তু প্রতিরোধযোগ্য হওয়া সত্ত্বেও যখন সেই মৃত্যু হয় তখন সেটি আরও বেশি হৃদয় বিদারক। নিউ ইয়র্ক স্টেট সক্রিয়ভাবে এই মূল সমস্যাটি সমাধান করছে, এবং আমরা ভাগ্যবান যে কিভাবে এই মৃত্যুর সংখ্যা হ্রাস করা যায় তা খুঁজে বের করার এবং মাতৃত্বকালীন ফলাফলগুলিকে উন্নত করার মুখ্য সহযোগী আমাদের আছে।"

স্টেট সিনেটর গুস্তাভো রিভেরা, সেনেট হেলথ কমিটির সভাপতি এবং বিলটির প্রযোজক বলেছেন, "দুঃখজনকভাবে, নিউ ইয়র্ক স্টেটে বহু সংখ্যক নারি প্রসবের পরে মারা যাচ্ছেন এবং তাদের জীবনহানির সম্ভাবনাযুক্ত জটিলতা তৈরি হচ্ছে, বিশেষ করে কৃষ্ণাঙ্গ মায়েদের। S.1819 কে আইনে স্বাক্ষরিত করে, এই সর্বজনীন স্বাস্থ্যের সমস্যা সমাধানে আমাদের সহায়তা করতে সুস্পষ্ট কৌশলগুলি গঠন এবং বাস্তবায়িত করার জন্য আমাদের স্টেট দৃঢ় পদক্ষেপ নিচ্ছে। উপরন্তু, কৃষ্ণাঙ্গ নারিদের, বিশেষ করে অত্যন্ত দরিদ্র অঞ্চলের নারিরা বর্ণ বৈষম্যের কারণে মাতৃত্বকালীন মৃত্যু এবং রোগ দ্বারা বেশিমাত্রায় ক্ষতিগ্রস্ত এবং নতুন আইনটি এই সমস্যাগুলির সমাধানে সহায়তা করবে। আইনের এই গুরুত্বপূর্ণ অংশে স্বাক্ষর করার আমি গভর্নর কুওমোকে ধন্যবাদ জানাই।"

অ্যাসেম্বলি সদস্য লাটোয়া জয়নার বলেন, "নিউ ইয়র্কের অন্যতম কিছু খ্যাতনামা স্বাস্থ্যসেবা পেশাদারদের অভিজ্ঞতা এবং পারদর্শিতাকে কাজে লাগিয়ে, স্টেটওয়াইড মাতৃত্বকালীন মৃত্যু পর্যালোচনা বোর্ড আমাদের সমগ্র স্টেটের নারিদের জীবন রক্ষা করবে। যে কমিউনিটিগুলি সবসময়ই বঞ্চিত হয়ে এসেছে তাদের থেকে নেওয়া বিবিধ প্রতিনিধি সহ, এই বোর্ডটির গঠন নিউ ইয়র্কে নারিদের স্বাস্থ্য পরিচর্যার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ এবং এই গুরুত্বপূর্ণ সর্বজনীন স্বাস্থ্য সমস্যার ক্ষেত্রে গভর্নর কুওমোর নেতৃত্বের জন্য আমি তাকে ধন্যবাদ জানাই।"

এই বোর্ড নিউ ইয়র্কে স্টেটের প্রতিটি মাতৃত্বকালীন মৃত্যু পর্যালোচনা করবে, এবং, রোগীর গোপনীয়তা রক্ষা করতে, তাদের সাক্ষাতগুলি সর্বসমক্ষে হবে না। মাতৃত্বকালীন মৃত্যু এবং রোগগুলি কমাবার দ্বারা মাতৃত্বকালীন পরিণতিগুলি উন্নত করতে বোর্ডটি নীতিও তৈরি করবে এবং নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য দপ্তর (New York State Department of Health) কে সর্বোত্তম উপায়গুলির সুপারিশ করবে। বোর্ডের সুপারিশগুলি বিশেষ করে বর্ণ ও অর্থনৈতিক বৈষম্যগুলিকে পর্যবেক্ষণ করবে।

উদ্দীষ্ট অংশগ্রহণকারীর প্রতিনিধিত্ব সুনিশ্চিত করতে এবং ক্ষতিগ্রস্ত কমিউনিটিগুলির থেকে সরাসরি শুনতে, কমিউনিটির সংস্থা, সরকারী পেশাদার চিকিত্সক, ক্লিনিসিয়ান এবং বৈষম্যমূলক মাতৃত্বকালীন স্বাস্থ্যের পরিণতিগুলির দ্বারা সবথেকে বেশি ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের নিয়ে একটি কমিউনিটি দ্বারা পরিচালিত মাতৃত্বকালীন মৃত্যুর উপদেষ্টা পরিষদ গঠন করার মাধ্যমে আইনটি স্বাস্থ্য দপ্তরকেও দায়বদ্ধ করবে। বর্ণ বিদ্বেষ এবং প্রচ্ছন্ন পক্ষপাতিত্বের মতো মূল কারণগুলি সহ, মাতৃত্বকালীন স্বাস্থ্যের ক্ষেত্রে বৈষম্যের কারণ এবং সেটি বৃদ্ধি করার ক্ষেত্রে জানা সামাজিক নির্ধারক বিষয়গুলির একটি আন্তরিক উপলব্ধি গড়ে তুলতে মাতৃত্বকালীন মৃত্যুর উপদেষ্টা পরিষদ নিউ ইয়র্ক স্টেট মাতৃত্বকালীন মৃত্যু পর্যালোচনা বোর্ডের সাথে একত্রে কাজ করবে।

মাতৃত্বকালীন মৃত্যুর উপদেষ্টা পরিষদ গভর্নরের কাউন্সিল অন উইমেন অ্যান্ড গার্লস (Council on Women and Girls) এবং মাতৃত্বকালীন মৃত্যু এবং বর্ন বৈষম্যের পরিণতি সম্পর্কিত টাস্কফোর্সের (Taskforce on Maternal Mortality and Disparate Racial Outcomes) সুপারিশ অনুযায়ী গঠিত এবং বিভিন্ন বিভাগের পেশাদার চিকিত্সক যারা স্টেটের বিভিন্ন কমিউনিটিগুলির সেবা করেন এবন/অথবা প্রতিনিধিত্ব করেন, তাদের নিয়ে গঠিত। মাতৃত্বকালীন মৃত্যুর বিরুদ্ধে লড়াই করতে এবং বর্ণ বৈষম্যের ঘটনা হ্রাস করতে, গত এপ্রিল মাসে, গভর্নর, টাস্কফোর্স গঠন, এবং অন্যান্য বিভিন্ন উদ্যোগের কথা ঘোষণা করেছিলেন। প্রণিত বাজেটটি মাতৃত্বকালীন মৃত্যু পর্যালোচনা বোর্ড এবং মাতৃত্বকালীন মৃত্যুর উপদেষ্টা পরিষদ সহ, টাস্কফোর্সের সুপারিশগুলিকে সহায়তা করতে দুই বছর ধরে ৪ মিলিয়ন ডলার অন্তর্ভুক্ত করেছে, সেইসাথে স্টেটের উচ্চ ঝুঁকি সম্পন্ন অঞ্চলগুলিতে কমিউনিটি স্বাস্থ্য কর্মীদের অ্যাক্সেস বৃদ্ধি করতে স্বাস্থ্য দপ্তরের মা এবং সদ্যজাত কমিউনিটির স্বাস্থ্য সহযোগিতার (Department of Health's Maternal Infant Community Health Collaborative) মাধ্যমে 2 মিলিয়ন ডলারেরও বেশি ব্যবহার করা হবে। সামাজিক সহায়তা, তথ্য, দেখাশুনা এবং পরিষেবাগুলির সাথে সংযোগের ক্ষেত্রে কমিউনিটি স্বাস্থ্য কর্মীগণ (community health workers, CHWs) একটি গুরুত্বপূর্ন ভূমিকা পালন করে।

এই নতুন আইন, অন্যান্য চলতে থাকা স্টেট প্রচেষ্টাগুলির সাথে একত্রে, নিউ ইয়র্ককে মাতৃত্বকালীন মৃত্যুর হার হ্রাস করতে এবং পরিণতিগুলিতে বর্ণ বৈষম্যের সমস্যার সমাধান করতে একজন পথ প্রদর্শক করে তুলবে।

###

অতিরিক্ত তথ্য এখানে উপলব্ধ www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন